



ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো লিঃ)
West Zone Power Distribution Company Limited (WZPDCL)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর দপ্তর, পওস. সার্কেল, বিদ্যুৎ ভবন, মীর মোশাররফ হোসেন সড়ক, কুষ্টিয়া।



স্মারক নং-২৭.২২.৫০৭৯.৩০০.৪৪.০০১.২৩- ২২১

তারিখ :- ০৯/৪/২০২৩(খ্রি.)

- ১। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ (১ ও ২-কুষ্টিয়া)/ঝিনাইদহ/চুয়াডাঙ্গা/মেহেরপুর বি/স.
- ২। আবাসিক প্রকৌশলী, কালীগঞ্জ, কোটচাঁদপুর, মহেশপুর, শৈলকুপা, ভেড়ামারা, কুমারখালী ও আলমডাঙ্গা বিদ্যুৎ সরবরাহ।

বিষয় :- অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র :- ২৭.২২.৪৭৮৫.০০৪.৪৪.০০১.২৩.৯৮৯ তারিখ :- ০৯/৪/২০২৩(খ্রি.)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প ও স. সার্কেল, ওজোপাডিকোলিঃ, কুষ্টিয়া এর আওতাধীন ১২(বার)টি বিক্রয় ও বিতরণ বিভাগ/ESU-দপ্তর প্রধানদেরকে তাদের আওতাধীন সম্মানিত বিদ্যুৎ গ্রাহকের অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ গেজেটে প্রকাশিত এস.আর.ও নম্বর -০৯ আইন/২০২৩ তারিখ :- ১২ জানুয়ারী ২০২৩ খ্রি. অনুযায়ী জারীকৃত সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন নিশ্চিতঃ করণের জন্য নির্দেশ প্রদান করা হলো :-
(ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হতে তার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হলে অনুমোদিত লোডের অতিরিক্ত লোডের জন্য দ্বিগুণ হারে ডিমান্ড রোট/চার্জ প্রযোজ্য হবে ;


(খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ৩৩(তিন) মাস অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) অতিক্রম করলে অতিরিক্ত লোড অনুমোদন করিয়ে নেয়ার জন্য গ্রাহককে নোটিশ প্রদান করতে হবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) এর বেশি হলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ ১৫(পনের)দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হবে ;

(গ) কোন গ্রাহক তার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মানুযায়ী তার স্থাপনার অনুমোদিত / চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের (বৃদ্ধি বা হ্রাস) জন্য বিতরণ সংস্থা/কোম্পানীর নিকট আবেদন করতে পারবে। এরূপ ক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানী গ্রাহকের আবেদন গ্রহণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিয়মানুযায়ী গ্রাহকের অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিতঃ করবে ; এবং

(ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড বিতরণ সংস্থা/কোম্পানী কর্তৃক স্বেচ্ছাক্রমে পরিবর্তন করা যাবে না ;

এমতাবস্থায়, সার্কেলধীন দপ্তর সমূহকে আগামী ০৯/৫/২০২৩(খ্রি.) তারিখের মধ্যে গেজেটে প্রকাশিত আদেশ বাস্তবায়ন নিশ্চিতঃ করতে হবে এবং অত্র দপ্তরের স্মারক নং-২৭.২২.৫০৭৯.৩০০.৪৬.০০১.২৩-২১৯ তারিখ :- ০৯/৪/২০২৩(খ্রি.) মোতাবেক প্রেরিত ছকে অতিরিক্ত লোড নিয়মিত করণ সংক্রান্ত প্রতিবেদন সার্কেল দপ্তরে হার্ডকপি ই-মেলে সফটকপি প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য যে, নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয়ের পত্রে বর্ণিত নির্দেশনা মোতাবেক কার্যক্রম বাস্তবায়নে গাফিলতি/ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান এবং আওতাধীন ইএসইউ এর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীবৃন্দের বিরুদ্ধে বিভাগীয় শৃংখলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।


09.04.23
(প্রকৌশলী জাহান-ই-শবনম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
পওস. সার্কেল, ওজোপাডিকোলিঃ, কুষ্টিয়া।

অনুলিপি :-

- ১। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ২। নির্বাহী পরিচালক (অর্থ/অপারেশন/পিএন্ডডি), ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৩। প্রধান প্রকৌশলী (ওএন্ডএম.এসএন্ডডি/ইএসসিএন্ডএস), ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৪। কোম্পানী সচিব, ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (বাণিজ্যিক)/(পিএন্ডডি.), ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৬। ব্যবস্থাপক (প্রশাসন)(বাণিজ্যিক), ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৭। নির্বাহী প্রকৌশলী (কারিগরী), সদর দপ্তর, ওজোপাডিকোলিঃ, খুলনা।
- ৮। ব্যবস্থাপক, আহিদ, ওজোপাডিকোলিঃ, কুষ্টিয়া।
- ৯। উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ১০। দপ্তর নথি।

forwarding doc